গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বারহাট্টা, নেত্রকোণা।
www.barhatta.netrokona.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৭২০৯.০০০.৯৯.০০১.২২- ৬৯(ক)

তারিখ: ০১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৪ খ্রি.

## জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নেত্রকোণা জেলাধীন বারহাট্টা উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০ একরের নিম্নে বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩৩ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ০২ নভেম্বর ২০২৩তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-১)-৬৬২ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড-এর নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলি/শর্তাবলি ও চেকলিস্ট অনুসরণপূর্বকআবেদন আহ্বান করা যাচ্ছে।

সময়সূচি

| অনলাইনে আবেদন দাখিল | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের বিডি/পে-অর্ডারের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
|---|---|
| ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ২৩.০১.২০২৪ খ্রি.<br>থেকে<br>০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/ ১৬.০২.২০২৪ খ্রি.পর্যন্ত। | ০৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ ১৭.০২.২০২৪ খ্রি:<br>থেকে<br>০৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/১৯.০২.২০২৪ খ্রি: (সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত) |

১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্রঃ নং | ইজারাযোগ্য জলমহলের নাম (মৌজাসহ) | জলমহলের আয়তন (একরে) | বিগত তিন বছরের গড় ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে বর্তমান ইজারামূল্য | ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | শ্মশানঘাট পুকুর, মৌজা- বালিজুরী | ০.৬০ | ২০৮৪/- | ২১৮৯/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | কোনজলমহলের বিষয়ে কোন মামলায় কোন নিষেধাজ্ঞার আদেশ থাকলে কিংবা ইজারা সংক্রান্তবিষয়ে মহামান্য আদালতের ভিন্ন রুপ কোন সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহল ক্যালেন্ডার হতে বাদ দেওয়া হয়েছে বলে গণ্য হবে। |
| ২. | তুন্দ্রানদী, মৌজা- বরুহাটি | ২.০৬ | ২৫০০/- | ২৬২৫/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ৩. | আটিয়া বিল, মৌজা- দেউলী | ৩.৬৭ | ৩৮৫০/- | ৪০৪৩/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ৪. | স্বল্পদশাল পুকুর, মৌজা- স্বল্প দশাল | ০.৮৩ | ৩৮৫০/- | ৪০৪৩/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ৫. | নৈহাটী পুকুর, মৌজা- নৈহাটি | ১.৪৩ | ৩৮৫০/- | ৪০৪৩/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ৬. | পুটকিয়া পুকুর, মৌজা- পুটকিয়া | ০.৮৩ | ৩৮৫০/- | ৪০৪৩/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ৭. | ছয়হাল পুকুর - ১, মৌজা-ছয়হাল | ০.৫২ | ৩৮৫০/- | ৪০৪৩/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ৮. | ছয়হাল পুকুর - ২, মৌজা-ছয়হাল | ০.২২ | ৩৮৫০/- | ৪০৪৩/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ৯. | চিরাম পুকুর -১, মৌজা-চিরাম | ০.৩৬ | ৩৮৫০/- | ৪০৪৩/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ১০. | চিরাম পুকুর -২, মৌজা-চিরাম | ০.৩৮ | ৩৮৫০/- | ৪০৪৩/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ১১. | চিরাম পুকুর -৩, মৌজা-চিরাম | ০.৬৮ | ৩৮৫০/- | ৪০৪৩/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ১২. | ছোটকৈলাটীপুকুর, মৌজা- ছোটকৈলাটী | ১.০৩ | ৪০৪৩/- | ৪২৪৫/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |
| ১৩. | হরাচাতলবিল | ১৮.৭৩ | ১০৭১০/- | ১১২৪৬/- | ১৪৩১-১৪৩৩ পর্যন্ত | |

শর্তাবলী :

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম সম্পন্ন করা হবে।

২. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বিজ্ঞপ্তিটি (www.barhatta.netrokona.gov.bd)ওয়েবসাইটেও পাওয়া যাবে।

৩. বিজ্ঞপ্তিটি (www.barhatta.netrokona.gov.bd) ওয়েবসাইটেও পাওয়া যাবে।

৪. আবেদনকারী কর্তৃক জলমহালটি সরজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোনো অংশ ভরাট হয়ে গেছে/মাছের মড়কে ক্ষতি হয়েছে ইত্যাদি উল্লেখ করে কোনো আবেদন/ক্ষতিপূরণ দাবি করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

৫. জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারার অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদনপূর্বক সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-এর নিকট হতে জলমহালের দখল বুঝে নিবেন। নির্ধারিত সময়ে ইজারার অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোনো অবস্থাতেইইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৬. ইজারা গ্রহীতা সমিতিকে ২য় বৎসরের ইজারামূল্য ও অন্যান্য করাদি ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে এবং ৩য় বছরের ইজারামূল্য ও অন্যান্য করাদি একইভাবে ২য় বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই সরকার নতুন করে এই জলমহাল ইজারা প্রদান করতে পারবে।

৭. সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বিষয়ে প্রদত্ত কোনো নির্দেশনা/নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

৮. মামলাভুক্ত জলমহালের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের আদেশ (যদি থাকে) প্রতিপালন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

৯. প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন)-এর সত্যায়িত কপি দাখিল করতে হবে;

১০. নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ), নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানা ও ছবিসহ), সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবিসহ তালিকা এবং সভার কার্যবিবরণী দাখিল করতে হবে;

১১. মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে;

১২. আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

১৩. সভাপতি, সম্পাদক ও সমিতির নিকট সরকারি কোনো বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;

১৪. আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% (শতকরা হারে) জামানত ,উপজেলা নির্বাহী অফিসার, বারহাট্টা,নেত্রকোণা-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে (মূল কপি) দাখিল করতে হবে।

১৫. ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে), সমিতির গঠনতন্ত্র, সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে;

১৬. বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোনো কাগজপত্র দাখিল করতে হবে । তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৭. সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৮. সীলগালাকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন'; ডানপার্শ্বে উপজেলা নির্বাহী অফিসার, বারহাট্টা, নেত্রকোণাও বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখিত থাকতে হবে।

১৯. পূরণকৃত আবেদন ফরমটি অনলাইন স্ক্যান করে দাখিল পূর্বক ফরমের মূল কপি ৫০০/-(পাঁচশত) টাকা জমার রশিদসহ অন্যান্য প্রিন্টেড কপির সাথে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

২০. সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

(ফারজানা আক্তার বর্ষা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বারহাট্টা, নেত্রকোণা।
E-mail:unobarhatta@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৭২০৯.০০০.৯৯.০০১.২২-৩৯ (ক)

তারিখ: ০১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে –

১. জনাব আশরাফ আলী খান খসরু,মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ১৫৮, নেত্রকোণা-২।
২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. পুলিশ সুপার, নেত্রকোণা।
৬. উপজেলা ........................................... কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা।
৭. সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, বারহাট্টা [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
৮. চেয়ারম্যান ..............................................ইউনিয়ন পরিষদ, বারহাট্টা, নেত্রকোণা [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ]
৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...........................................ইউনিয়ন ভূমি অফিস, বারহাট্টা, নেত্রকোণা। [উক্ত বিজ্ঞপ্তিটি হাটের দিনে ঢোল সহরত ও মাইকের মাধ্যমে প্রচার, ইউনিয়ন ভূমি অফিসের নোটিশবোর্ডে টানানোর অনুরোধসহ]
১০. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, বারহাট্টা, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তি এ কার্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১. নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
১২. ..................................................................................., নেত্রকোণা।

১৫/০১/২৪

(মোঃ ফয়জুর রহমান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বারহাট্টা, নেত্রকোণা।